**★★ পাঠ-১ | Text পৃষ্ঠা-৭-৮**

১. বাংলাদেশের মানুষ দীর্ঘদিন ধরে কেন সংগ্রাম করেছিল? (অনুধাবন)
ক খাবারের জন্য  খ বসবাসের জন্য
গ ধর্মের জন্য
ঘ স্বাভাবিকভাবে বেঁচে থাকার জন্য  ঘ

২. ব্রিটিশরা কত সময় ধরে এদেশ শাসন করেছিল? (জ্ঞান)
ক একশো বছর  খ দুশো বছর
গ তিনশো বছর  ঘ চারশো বছর  খ

৩. ১৯৪৭ সালে ব্রিটিশ শাসনের পর সম্পূর্ণ ভারতবর্ষ কয়টি ভাগে ভাগ হয়? (জ্ঞান)
ক ১টি  খ ২টি
গ ৩টি  ঘ ৪টি  খ

৪. তৎকালীন সময়ে পাকিস্তানের কয়টি অংশ ছিল? (জ্ঞান)
ক ২টি  খ ৩টি
গ ৪টি  ঘ ৫টি  ক

৫. পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যকার দূরত্ব কত ছিল? (জ্ঞান)
ক ৯০০ মাইল  খ ৬০০ মাইল
গ ৪০০ মাইল  ঘ ৩০০ মাইল  ঘ

৬. সাম্প্রদায়িক দাঙ্গা হয়েছিল কখন? (অনুধাবন)
ক ব্রিটিশ আমলে
খ ভারত বিভাগের সময়
গ পাকিস্তান বিভাগের সময়
ঘ বঙ্গভঙ্গের সময়  খ

৭. ভারতবর্ষে সবচেয়ে বড় মানবিক বিপর্যয় কোনটি? (অনুধাবন)
ক ভাষা আন্দোলন  খ সাম্প্রদায়িক দাঙ্গা
গ অসহযোগ আন্দোলন  ঘ ধর্মীয় গোড়ামি  খ

৮. সাম্প্রদায়িক দাঙ্গার কারণে কারা ভারত থেকে চলে যেতে বাধ্য হলো? (জ্ঞান)
ক মুসলমানরা  খ হিন্দুরা
গ খ্রিস্টানরা  ঘ বৌদ্ধরা  খ

৯. পূর্ব ও পশ্চিম পাকিস্তানের কোন বিষয়টিতে মিল ছিল? (জ্ঞান)
ক অর্থনৈতিক  খ সামাজিক
গ রাজনৈতিক  ঘ ধর্মীয়  ঘ

১০. পূর্ব পাকিস্তানের বেশিরভাগ মানুষের ভাষা কী ছিল? (জ্ঞান)
ক উর্দু  খ ফার্সি
গ বাংলা  ঘ ইংরেজী  গ

১১. তৎকালীন পূর্ব পাকিস্তানে কতভাগ মানুষ বাংলায় কথা বলত? (জ্ঞান)
ক ৯০ ভাগ  খ ৯৩ ভাগ
গ ৯৬ ভাগ  ঘ ৯৯ ভাগ  ঘ

১২. পশ্চিম পাকিস্তানে ঐ সময়ে লোকসংখ্যা কতভাগ ছিল? (জ্ঞান)
ক ৪০ ভাগ  খ ৪৫ ভাগ
গ ৫০ ভাগ  ঘ ৫৫ ভাগ  খ

১৩. পশ্চিম পাকিস্তানের প্রদেশ ছিল কয়টি? (জ্ঞান)
ক ৬টি  খ ৪টি
গ ৩টি  ঘ ১টি  খ

১৪. পশ্চিম পাকিস্তানের কতভাগ মানুষ উর্দু ভাষায় কথা বলতো? (জ্ঞান)
ক ১৫ ভাগ  খ ২০ ভাগ
গ ২৫ ভাগ  ঘ ৩০ ভাগ  ক

১৫. পাকিস্তানের তৎকালীন গভর্নর কে ছিলেন? (জ্ঞান)
ক খাজা নাজিমউদ্দীন  খ আইয়ুব খান
গ মহম্মদ আলি জিন্নাহ  ঘ ইয়াহিয়া খান  গ

১৬. ১৯৪৮ সালে পাকিস্তানের গভর্নর দেশের রাষ্ট্রভাষার ঘোষণা কোথায় দেন? (জ্ঞান) [অনুশীলনী-১]
ক করাচিতে  খ পাঞ্জাবে
গ ঢাকায়  ঘ সিন্ধুতে  গ

১৭. উর্দু রাষ্ট্রভাষা হিসেবে ঘোষিত হওয়ায় কারা পূর্ব পাকিস্তানে জোরালো প্রতিবাদ জানায়? (জ্ঞান)
ক রাজনীতিবিদরা  খ ছাত্র-জনতা
গ মুসলমানরা  ঘ অর্থনীতিবিদরা  খ

১৮. পূর্ব-পাকিস্তানের শতকরা কতভাগ মানুষ বাংলায় কথা বলত? (জ্ঞান)
ক ৫০ ভাগ  খ ৫৫ ভাগ
গ ৭৫ ভাগ  ঘ ৮৫ ভাগ  খ

১৯. কারা বাংলা ভাষাকে বিকৃত করার চেষ্টা করে? (জ্ঞান)
ক ব্রিটিশরা  খ পশ্চিম পাকিস্তানিরা
গ পূর্ব পাকিস্তানিরা  ঘ ভারতীয়রা  খ

২০. শাসকগোষ্ঠীর কোন বাহিনী পূর্ব পাকিস্তানের সাধারণ জনগণের ওপর অত্যাচার চালাতো? (জ্ঞান)
ক গেরিলা বাহিনী  খ পাক বাহিনী
গ পেটোয়া বাহিনী  ঘ নাৎসি বাহিনী  গ

২১. সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি কাকে বলা হয়? (জ্ঞান)
ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে
খ জেনারেল ওসমান গণিকে
গ শেরে বাংলা এ. কে ফজলুল হককে
ঘ শহীদ সোহরাওয়ার্দীকে  ক

২২. কার বলিষ্ঠ নেতৃত্বে পূর্ব পাকিস্তানের স্বাধীনতা অর্জিত হয়? ★ (জ্ঞান)
*[ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]*
ক জেনারেল আতাউল গনি ওসমানী
খ ইয়াহিয়া খান
গ এ কে ফজলুল হক
ঘ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান  ঘ

Teachingbd.com

২৩. তৎকালীন সময়ে পশ্চিম পাকিস্তান ও পূর্ব পাকিস্তানের মধ্যকার যেসকল পার্থক্য পরিলক্ষিত হয়, তা হলো — (অনুধাবন)
i. দুই দেশের ধর্ম ছিল ভিন্ন
ii. দুই দেশের জলবায়ু ও প্রাকৃতিক পরিবেশ ছিল ভিন্ন
iii. পূর্ব পাকিস্তানের ভাষা ছিল বাংলা এবং পশ্চিম পাকিস্তানের ভাষা ছিল উর্দু
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

২৪. পাকিস্তানি শাসকেরা বাংলা ভাষাকে বিকৃত করার চেষ্টা চালায় — (অনুধাবন)
i. উর্দুকে রাষ্ট্রভাষা হিসেবে ঘোষণা করে
ii. সাধারণ জনগণের ওপর অত্যাচার চালিয়ে
iii. বাংলা গান, সামাজিক ও সাংস্কৃতিক চর্চার ওপর বিধি নিষেধ আরোপ করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

২৫. তৎকালীন পাকিস্তানি শাসকগোষ্ঠী বিধিনিষেধ জারি করেছিলো — (অনুধাবন)
i. সাংস্কৃতিক চর্চায় ii. সামাজিক চর্চায়
iii. ধর্ম চর্চায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

**★★ পাঠ-২, ৩ ও ৪: চারু ও কারুকলা ইনস্টিটিউট, শহীদমিনার ও ৬ দফা; আলপনা | Text পৃষ্ঠা-৭-১০**

২৬. নিচের কোনটি ভাষা আন্দোলনের সময়কাল? (জ্ঞান)
ক ১৯৪৫-১৯৪৭ খ ১৯৪৬-১৯৫২
গ ১৯৪৮-১৯৫২ ঘ ১৯৫০-১৯৫২ **গ**

২৭. কোন সময়ে পূর্ব পাকিস্তানে রাজনৈতিক পরিবর্তন ঘটে? (জ্ঞান)
ক ১৯৪৮-১৯৫২ খ ১৯৫২-১৯৫৪
গ ১৯৫৩-১৯৫৮ ঘ ১৯৫৪-১৯৫৮ **ঘ**

২৮. ষাটের দশকের শুরুতেই তৎকালীন পূর্ব পাকিস্তানে কোন আন্দোলন শুরু হয়? (জ্ঞান)
ক আইয়ুব খানের মার্শাল ল-বিরোধী আন্দোলন
খ অসহযোগ আন্দোলন
গ ভাষা আন্দোলন
ঘ গণ আন্দোলন **ক**

২৯. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কয় দফা দাবি নিয়ে আন্দোলন করেন? (জ্ঞান)
ক ৫ দফা খ ৬ দফা
গ ৭ দফা ঘ ৮ দফা **খ**

৩০. কোন আন্দোলনের দ্বারা স্বৈরাচারি আইয়ুবের পতন ঘটানো হয়? (জ্ঞান)
ক গণ আন্দোলন খ ভাষা আন্দোলন
গ অসহযোগ আন্দোলন ঘ জাতিগত আন্দোলন **ক**

৩১. কত সালে আওয়ামীলীগ পাকিস্তানের নির্বাচনে বিপুল ভোটে জয় লাভ করে? (জ্ঞান)
ক ১৯৬৯ খ ১৯৭০
গ ১৯৭১ ঘ ১৯৭২ **খ**

৩২. নির্বাচনে জয়লাভের পরও বাঙালির হাতে কর্তৃত্ব না দেওয়ায় কোন আন্দোলন হয়েছিল? (জ্ঞান)
ক ভাষা আন্দোলন
খ অসহযোগ আন্দোলন
গ গণআন্দোলন
ঘ মার্শাল ল-বিরোধী আন্দোলন **খ**

৩৩. যুদ্ধের সময় শিল্পীরা কোনটিকে তাদের অস্ত্র হিসেবে ব্যবহার করেছেন? (জ্ঞান)
ক কবিতাকে খ তুলিকে
গ গানকে ঘ নাটককে **খ**

৩৪. কোন শিল্পীকে পটুয়া উপাধি দেওয়া হয়েছে? (অনুধাবন)
ক কামরুল হাসান খ হামিদুর রহমান
গ মুর্তজা বশীর ঘ এস এম সুলতান **ক**

৩৫. কাজী আবুল কাশেম কীভাবে জনগণকে উদ্বুদ্ধ করেছিলেন? (অনুধাবন)
ক ভাস্কর্য তৈরি করে
খ কাঠ খোদাই করে
গ আন্দোলন বিষয়ক গান গেয়ে
ঘ আন্দোলন বিষয়ক কার্টুন এঁকে **ঘ**

৩৬. 'খেলাঘর' কী? (জ্ঞান)
ক ক্রীড়া প্রতিষ্ঠান
খ ক্রীড়া সামগ্রীর দোকান
গ সাংস্কৃতিক সংগঠন
ঘ শিশু সংগঠন **ঘ**

৩৭. বাঙালি জাতির শিল্পগুরু কে?(জ্ঞান)
ক আবদুর সবুর খ কামরুল হাসান
গ আমিনুল ইসলাম ঘ জয়নুল আবেদিন **ঘ**

৩৮. চারুকলা ইনস্টিটিউট কত সালে প্রতিষ্ঠিত হয়? (জ্ঞান) /জু. স্কু. সা. প. ২০১৩/
ক ১৯৪৮ খ ১৯৫২
গ ১৯৬৮ ঘ ১৯৬৯ **ক**

৩৯. স্বশিক্ষিত চিত্রশিল্পী কে? ★ (জ্ঞান)
/মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর/
ক কাজী আব্দুর রউফ খ ইমদাদ হোসেন
গ কাজী আবুল কাশেম ঘ মুর্তজা বশীর **গ**

৪০. 'দোঁপেয়াজা' কোন শিল্পীর ছদ্মনাম? (জ্ঞান) /জু. স্কু. সা. প. ২০১৫, ২০১৩/
ক কাজী আবদুর রউফ খ কাজী আবুল কাশেম
গ বিজন চৌধুরী ঘ মুর্তজা বশীর **খ**

৪১. কত সালে শহীদমিনার প্রতিষ্ঠিত হয়? (জ্ঞান)
ক ১৯৫২ খ ১৯৫৪
গ ১৯৫৬ ঘ ১৯৬০ **গ**

৪২. শিল্পী হাশেম খান ৬ দফা আন্দোলনে কীভাবে অংশগ্রহণ করেন? (জ্ঞান)
ক ব্যানার তৈরি করে
খ মঞ্চসজ্জা করে
গ বক্তৃতা দিয়ে
ঘ সাংস্কৃতিক দলের সাথে যুক্ত থেকে **খ**

http://teachingbd.com

৪৩. ছয় দফার লোগোয় পোস্টার ও মঞ্চসজ্জা করেছিলেন— (জ্ঞান) /জু. স্কু. সা. প. ২০১৪/
ক) শিল্পী কামরুল হাসান
খ) শিল্পী হাশেম খান
গ) শিল্পী শফিউদ্দীন আহমদ
ঘ) শিল্পী খাজা শফিক আহমদ — খ

৪৪. শহীদ মিনারের স্থাপতি—(জ্ঞান) /জু. স্কু. সা. প. ২০১৫, ২০১৩/
ক) শিল্পী রফিকুন নবী
খ) শিল্পী মাহবুবুল আমিন
গ) শিল্পী হামিদুর রহমান
ঘ) স্থপতি মাযহারুল ইসলাম — গ

৪৫. শহীদ মিনারের নকশা তৈরিতে সহায়তা করেছিলেন? (জ্ঞান) /জু. স্কু. সা. প. ২০১৩/
ক) ভাস্কর নভেরা আহমেদ
খ) ভাস্কর আব্দুর রাজ্জাক
গ) ভাস্কর শামীম সিকদার
ঘ) স্থপতি রবিউল হুসাইন — ক

৪৬. দৈনিক ইত্তেফাক ৬ দফার বিষয়ে প্রচ্ছদে কী ব্যবহার করেছিল? (জ্ঞান)
ক) প্রচারের পোস্টার
খ) ৬ দফার লোগো
গ) লিনোকাট
ঘ) প্রতীকী মঞ্চসজ্জার নকশা — ঘ

৪৭. তৎকালীন সময় বঙ্গবন্ধুর ৬ দফার বিষয়ে দৈনিক ইত্তেফাক কী বের করেছিল? (জ্ঞান)
ক) বিশেষ সংখ্যা　খ) বিশেষ বিচিত্রা
গ) বিশেষ টক শো　ঘ) বিশেষ প্রচারণা — ক

৪৮. একুশে ফেব্রুয়ারি উপলক্ষে চিত্রশিল্পীরা কোথায় চিত্রপ্রদর্শনীর আয়োজন করতেন? (জ্ঞান)
ক) শহীদমিনার চত্বরে
খ) রাশিয়ান কালচার সেন্টারে
গ) শাপলা চত্বরে
ঘ) বিশ্ববিদ্যালয়ের কলাভবনে — ক

৪৯. জনতার জন্যে গৃহের বাইরে বিদ্রোহী স্বরবর্ণ নামে কয়টি স্বরবর্ণ ছিল? (জ্ঞান)
ক) ১২টি　খ) ১৩টি
গ) ১৫টি　ঘ) ১৬টি — খ

৫০. বিদ্রোহী স্বরবর্ণ এই ১৩টি ছবির প্রদর্শনী হয়েছিল— (জ্ঞান) /জু. স্কু. সা. প. ২০১৫/
ক) চারুকলা ইনস্টিটিউটে
খ) শহীদ মিনার চত্বরে
গ) বাংলা একাডেমিতে
ঘ) শিল্পকলা একাডেমিতে — খ

৫১. কত সাল থেকে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো শুরু করা হয়? ★ (জ্ঞান) /আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা/
ক) ১৯৪৭　খ) ১৯৫২
গ) ১৯৫৩　ঘ) ১৯৫৮ — গ

৫২. কত সাল থেকে প্রভাতফেরি শুরু হয়? (জ্ঞান)
ক) ১৯৫২　খ) ১৯৫৩
গ) ১৯৫৬　ঘ) ১৯৫৮ — খ

৫৩. পাক সরকার শিল্পীদের কোন কাজে বাঁধা দিয়েছিল? (জ্ঞান)
ক) প্রভাতফেরি করতে　খ) আলপনা আঁকতে
গ) শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে
ঘ) চিত্রাঙ্কন করতে — খ

৫৪. চিত্রশিল্পীরা কোনটিকে যথাযথ গুরুত্ব দিয়েছিল? (জ্ঞান)
ক) ফলকচিত্রকে
খ) আলপনাকে
গ) বিশ্ববিদ্যালয়কে
ঘ) সাংস্কৃতিক অনুষ্ঠানকে — খ

৫৫. বাংলাদেশের অভ্যুদয়ে কোনটি গুরুত্বপূর্ণ বিষয় বলে বিবেচিত হয়? (উচ্চতর দক্ষতা)
ক) নবান্ন
খ) শহীদমিনার
গ) আলপনা
ঘ) চারুকলা ইনস্টিটিউট — গ

৫৬. কারা 'আল্পনা' কে বাঙালী সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ করে তুলেছেন? (অনুধাবন) /জু. স্কু. সা. প. ২০১৩/
ক) মৃৎ শিল্পীরা　খ) চিত্রশিল্পীরা
গ) সংগীত শিল্পীরা
ঘ) রাজনৈতিক নেতৃবৃন্দরা — খ

৫৭. বাঙালি সংস্কৃতির একটি বিশেষ বিষয় কী ছিল? (জ্ঞান)
ক) আলপনা ব্যবহার　খ) মঞ্চসজ্জা
গ) কার্টুন আঁকা　ঘ) ব্যানার তৈরি — ক

৫৮. আলপনাকে বাঙালির সমাজজীবনে স্বাভাবিক সংস্কৃতি চর্চা হিসেবে প্রতিষ্ঠা করেছেন কারা? (অনুধাবন)
ক) বাংলাদেশের কারুশিল্পীরা
খ) বাংলাদেশের চারুশিল্পীরা
গ) বাংলাদেশের স্থাপত্যশিল্পীরা
ঘ) বাংলাদেশের চিত্রশিল্পীরা — ঘ

৫৯. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাথে হৃদ্যতার সম্পর্ক ছিল—(অনুধাবন)
i. কামরুল হাসানের
ii. গোলাম সারোয়ারের
iii. জয়নুল আবেদিনের
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii — খ

৬০. চারুকলার প্রতিষ্ঠাতা ছিলেন— (অনুধাবন)
i. শফিকুল আমিন　ii. জয়নুল আবেদিন
iii. বিজয় সেন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii — ক

৬১. চারুকলা ইনস্টিটিউটকে কেন্দ্র করে ভাষার চর্চা ও সংস্কৃতিচর্চা প্রসারিত হবে— (অনুধাবন)
i. ছবি আঁকার মাধ্যমে
ii. ভাস্কর্য ও অন্যান্য শিল্পের মাধ্যমে
iii. হাতে-কলমে ছবি আঁকা শেখাবার মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii — ক

Teachingbd.com

৬২. চারুকলা ইনস্টিটিউট প্রতিষ্ঠার উদ্দেশ্য হলো — (অনুধাবন)
i. বাঙালির ঐতিহ্য সম্পর্কে সচেতনতা বাড়ানো
ii. ছবি আঁকা হাতে কলমে শেখানো
iii. সংস্কৃতি ও ভাষার চর্চা প্রসারিত করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii খ

৬৩. বাংলাদেশের চিত্রশিল্পীরা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অংশ নিয়েছিলেন — (অনুধাবন)
i. ভাষা আন্দোলনের সময়
ii. রাজনৈতিক পরিবর্তনের সময়
iii. মুক্তিযুদ্ধের সময়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

৬৪. ১৯৫২ সালের ভাষা আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল— (অনুধাবন)
i. মুর্তজা বশীরের
ii. কাজী আবদুর রউফের
iii. পটুয়া কামরুল হাসানের
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

৬৫. শাসকদের নির্যাতনের বিরুদ্ধে লিনোকাট পদ্ধতির মাধ্যমে ছবি তৈরি করেছিলেন — (অনুধাবন)
i. কামরুল হাসান ii. বিজন চৌধুরী
iii. মুর্তজা বশীর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii গ

৬৬. তৎকালীন সময়ে যেসকল প্রগতিশীল রাজনৈতিক দল আন্দোলন করেছিল — (অনুধাবন)
i. ন্যাপ
ii. কমিউনিস্ট পার্টি
iii. আওয়ামীলীগ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

৬৭. চিত্রশিল্পীরা শিশুদেরকে অধিকার আদায়ে আগ্রহী তৈরি করেছিলেন — (উচ্চতর দক্ষতা)
i. খেলাঘরের মাধ্যমে
ii. উদীচীর মাধ্যমে
iii. কচি-কাঁচার মেলার মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii খ

৬৮. বাংলাদেশের মানুষের অধিকার আদায়ের ক্ষেত্রে শিল্পীরা প্রত্যক্ষভাবে জড়িত থাকতেন—
i. প্রচারমূলক ফেস্টুন ও ব্যানার তৈরি করে
ii. পোস্টার ও কার্টুন এঁকে
iii. বক্তৃতা ও আন্দোলনের মঞ্চসজ্জা করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

৬৯. চিত্রশিল্পীরা একুশে ফেব্রুয়ারি উপলক্ষে শহীদমিনারে বড় বড় ক্যানভাসে ছবি এঁকে প্রদর্শনীর ব্যবস্থা করতেন। তাঁদের চিত্রকর্মের বিষয়বস্তু ছিল — (অনুধাবন)
i. পাক শাসকগোষ্ঠীর বঞ্চনা
ii. পূর্ব পাকিস্তানের মানুষের অধিকার
iii. বাঙালিদের ওপর অমানবিক নির্যাতন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

৭০. বাংলাদেশের অভ্যুদয়ের ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রেখেছিল— (অনুধাবন)
i. ছবির প্রদর্শনী
ii. ১৩টি স্বরবর্ণ নামে বিদ্রোহী স্বরবর্ণ
iii. ছড়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

৭১. ধর্মের দোহাই দিয়ে পাক শাসকগোষ্ঠীরা — (অনুধাবন)
i. সাংস্কৃতিক চর্চায় বাঁধা দিত
ii. আলপনা আঁকতে বাঁধা দিত
iii. চিত্রপ্রদর্শনী করতে বাঁধা দিত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ক

৭২. বর্তমানে আলপনা ব্যবহার করা হয়— (অনুধাবন)
i. বিয়ের অনুষ্ঠানে ii. বিজয় দিবসে
iii. ঈদ উৎসবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

## ★★ পাঠ-৫ : নবান্ন ও বাংলা নববর্ষ

Text পৃষ্ঠা-১০-১১

৭৩. কার নেতৃত্বে নবান্ন চিত্র প্রদর্শনী হয়? ★ (জ্ঞান) *[অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া]*
ক রফিকুন নবী
খ শিল্পাচার্য জয়নুল আবেদিন
গ কামরুল হাসান
ঘ মোস্তফা মনোয়ার খ

৭৪. নবান্ন উৎসবের উপলক্ষ কী? (অনুধাবন)
ক শীতের আগমন খ ঋতুর পরিবর্তন
গ বইমেলা শুরু ঘ নতুন ধান কাটা ঘ

teachingbd.com

৭৫. নবান্ন উৎসব ঢাকা শহরে প্রথম কবে শুরু হয়েছিল? (জ্ঞান) /জি. স্কু. সা. প. ২০১৫/
ক ১৯৬৯ এর ১২ই ফেব্রুয়ারি
খ ১৯৭০ এর ১২ই ফেব্রুয়ারি
গ ১৯৭১ এর ১২ই ফেব্রুয়ারি
ঘ ১৯৭২ এর ১২ই ফেব্রুয়ারি — খ

৭৬. নবান্ন চিত্র প্রদর্শনী কোথায় অনুষ্ঠিত হয়? (জ্ঞান)
ক ছায়ানটে খ খেলাঘরে
গ চারুকলায়
ঘ শিল্পকলা একাডেমীতে — ঘ

৭৭. কৃষক কোন মাসে ফসল কেটে ঘরে তোলে? (জ্ঞান) /মোমেনা আলী বিজ্ঞান স্কুল, উল্লাপাড়া, সিরাজগঞ্জ/
ক শ্রাবণ খ অগ্রহায়ণ
গ পৌষ ঘ কার্তিক — খ

৭৮. জয়নুল আবেদিনের আঁকা নবান্ন স্ক্রল ছবিটির আকার কীরূপ ছিল? (অনুধাবন) /অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া/
ক দৈর্ঘ্য ৪০ ফুট এবং প্রস্থ ৪ ফুট
খ দৈর্ঘ্য ৫০ ফুট এবং প্রস্থ ৫ ফুট
গ দৈর্ঘ্য ৬০ ফুট এবং প্রস্থ ৬ ফুট
ঘ দৈর্ঘ্য ৭০ ফুট এবং প্রস্থ ৭ ফুট — গ

৭৯. বাংলা নববর্ষ উপলক্ষে আয়োজিত চিত্রপ্রদর্শনীর নাম কী? (জ্ঞান)
ক নাইওর খ নববর্ষ
গ বৈশাখী ঘ কালবৈশাখী — ঘ

৮০. কালবৈশাখী চিত্রপ্রদর্শনীটি কোথায় অনুষ্ঠিত হয়েছিল? (জ্ঞান)
ক চারুকলা অনুষদে খ কলা ভবনে
গ বকুল তলায় ঘ কার্জন হলে — ক

৮১. কালবৈশাখী চিত্রপ্রদর্শনীর বর্তমান রূপ কোনটি? (জ্ঞান)
ক বর্তমান পৌষ সংক্রান্তি অনুষ্ঠান
খ বর্তমান পহেলা বৈশাখ অনুষ্ঠান
গ বর্তমান চৈত্র সংক্রান্তি অনুষ্ঠান
ঘ বর্তমান বসন্ত উৎসব — খ

৮২. বর্তমানকালে মানুষ নিয়মিতভাবে বাংলা নববর্ষ ও নবান্ন উৎসব ঢাকার কোথায় পালন করে? (জ্ঞান)
ক প্রজন্ম চত্বরে খ শাপলা চত্বরে
গ চারুকলা চত্বরে ঘ দোয়েল চত্বরে — গ

৮৩. চিত্রশিল্পীদের চিন্তা-চেতনা ও শিল্পকর্মের মাধ্যম কোনটি? (জ্ঞান)
ক ঈদ উৎসব খ নববর্ষ উৎসব
গ স্বাধীনতা দিবস ঘ সাংস্কৃতিক অনুষ্ঠান — খ

৮৪. শিল্পীরা কেন নবান্ন উৎসবকে শহরে পালন করতে শুরু করে? (অনুধাবন)
ক সংস্কৃতি ও ঐতিহ্যকে টিকিয়ে রাখতে
খ সংস্কৃতি ও ঐতিহ্যকে শহরের পরিবেশে ছড়িয়ে দিতে
গ আমাদের ঐতিহ্যের গর্ববোধ উদ্বুদ্ধ করতে
ঘ গ্রাম ও শহরের সংস্কৃতির দূরত্ব ঘোচাতে — গ

৮৫. পাক সরকার কোনটিকে পাকিস্তানের আদর্শ বিরোধী মনে করতেন? (জ্ঞান)
ক পহেলা বৈশাখ উদযাপনকে
খ নবান্ন উৎসবকে
গ চিত্রপ্রদর্শনীকে ঘ চিত্রাঙ্কনকে — গ

৮৬. নবান্ন চিত্র প্রদর্শনীর সবচেয়ে বড় অর্জন কোনটি? (অনুধাবন)
ক মহাজনের শোষণ ও বঞ্চিত মানুষের ছবি
খ শিল্পাচার্যের দীর্ঘ স্ক্রল ছবি
গ প্রকৃতির ছবি
ঘ মানুষের আনন্দ-বেদনার ছবি — খ

৮৭. শিল্পাচার্য জয়নুল আবেদিনের চিত্রকর্ম নবান্ন স্ক্রলটি কোন কাগজে আঁকা হয়েছিল? (জ্ঞান)
ক বোর্ড কাগজে খ খসখসে কাগজে
গ মসৃণ কাগজে ঘ মোটা কাগজে — ঘ

৮৮. কোন চিত্রকর্মটি শিল্পকলা জগতের মূল্যবান সম্পদ? (জ্ঞান)
ক নবান্ন স্ক্রল খ কৃষ্ণলীলা
গ সাঁওতাল ঘ কীর্তন — ক

৮৯. নবান্ন প্রদর্শনীর সদস্যদের মধ্যে কে ১৯৭১ সালে শহীদ হয়েছিলেন? (জ্ঞান)
ক জয়নুল আবেদিন খ কামরুল হাসান
গ রফিকুন নবী
ঘ কবি ও সাংবাদিক মোঃ আকতার — ঘ

৯০. দেশের খ্যাতনামা নবীন কবিদের রচনায় একটি পুস্তিকা প্রকাশিত হয়েছিল— পুস্তিকাটির নাম কী ছিল? (জ্ঞান) /ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা সেনানিবাস/
ক কালবৈশাখী খ নববর্ষ
গ নবান্ন ঘ বৈশাখী মেলা — গ

৯১. নবান্ন উৎসবের অন্তর্গত হলো — (অনুধাবন)
i. নতুন ধানের পিঠা ii. হা-ডু-ডু খেলা
iii. কবিগানের লড়াই
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

৯২. বাংলা নববর্ষ উপলক্ষে কালবৈশাখী নামে আয়োজিত চিত্রপ্রদর্শনীতে শিল্পীদের অঙ্কিত চিত্রকর্মের বিষয়বস্তু ছিল— (অনুধাবন)
i. বিখ্যাত নবান্ন স্ক্রল
ii. ষড়ঋতুতে প্রকৃতির ভিন্ন ভিন্ন রূপ
iii. বাংলার মানুষের সুখ-দুঃখ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — গ

teachingbd.com

৯৩. বাংলার মানুষকে নিজস্ব ঐতিহ্য-সংস্কৃতির প্রতি ভালোবাসায় স্নিগ্ধ করছে — (অনুধাবন)
i. স্বাধীনতা দিবস ii. নববর্ষ
iii. নবান্ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii গ

৯৪. বাংলাদেশের অভ্যুত্থানে নবান্ন চিত্রপ্রদর্শনীর পদক্ষেপ ছিল — (অনুধাবন)
i. বিশাল ii. মহান
iii. বিপ্লবী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

৯৫. চিত্রপ্রদর্শনীতে প্রদর্শিত হয়েছিল — (অনুধাবন)
i. প্রকৃতির সাথে যুদ্ধ করে বেঁচে থাকার চিত্র
ii. মানুষের স্বপ্নের চিত্র
iii. মহাজনের শোষণ ও বঞ্চিত মানুষের চিত্র
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

৯৬. নবান্ন স্ক্রল ছবিটি আঁকা হয়েছে — (অনুধাবন)
*[ঝালকাঠি সরকারি হরচন্দ্র বালিকা উচ্চ বিদ্যালয়]*
i. কালো কালিতে ii. প্যাস্টেল রঙে
iii. জল রঙে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii খ

৯৭. পাকিস্তানি আলবদরদের দ্বারা ১৯৭১-এ শহীদ হন — (অনুধাবন)
i. কবি ও সাংবাদিক মোঃ আকতার
ii. শিল্পী ও সম্পাদক শাহাদত চৌধুরী
iii. শিল্পী মঞ্জুরুল হক
নিচের কোনটি সঠিক?
ক i ও খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ক

**উদ্দীপকটি পড়ো এবং ৯৮ ও ৯৯নং প্রশ্নের উত্তর দাও।**
তুলি বাংলা নববর্ষ উপলক্ষে শিল্পকলা একাডেমীতে চিত্র প্রদর্শনী দেখতে গেল। সেখানে সে কালো কালিতে ড্রইং করা ও সামান্য জলরঙের প্রলেপ দেওয়া ৬০ ফুট লম্বা একটি ছবি দেখতে পেল। চিত্রকর্মটি করার পেছনে শিল্পীর একটি বিশেষ উদ্দেশ্য ছিল বলেও সে জানতে পারল।

৯৮. তুলি শিল্পকলা একাডেমীতে কোন ছবিটি দেখতে পেয়েছিল? প্রয়োগ)
ক সংগ্রাম খ দুর্ভিক্ষ
গ নবান্ন ঘ স্বাধীনতা গ

৯৯. ছবিটি আঁকার পেছনে শিল্পীর কোন উদ্দেশ্যের কথা তুলি জানতে পেরেছিল? (উচ্চতর দক্ষতা)
ক স্বাধীনতা যুদ্ধ সম্পর্কে সকলকে জানানো
খ মানুষকে তাদের অধিকার সম্পর্কে সচেতন করা
গ বাংলাদেশের অভ্যুদয় ঘটানো
ঘ হারিয়ে যাওয়া নবান্ন উৎসবের আন্দোলনকে জাগ্রত করা ঘ

## ★★ পাঠ-৬ : স্বাধীনতা ও বিপ্লবী চিত্রের মিছিল | Text পৃষ্ঠা-১১-১৩

১০০. জাতীয় সংসদ নির্বাচনে পাকিস্তানের দুই অংশ মিলে সবচেয়ে বেশি ভোট পেল কারা? (জ্ঞান)
ক জাতীয় পার্টি খ বিএনপি
গ আওয়ামীলীগ ঘ বাসদ গ

১০১. বঙ্গবন্ধু অসহযোগ আন্দোলনের ডাক দেন কবে? (জ্ঞান)
ক ১৯৭১ সালের ২রা মার্চ
খ ১৯৭১ সালের ৭ মার্চ
গ ১৯৭১ সালের ১৫ মার্চ
ঘ ১৯৭১ সালের ২৬ মার্চ ক

১০২. বঙ্গবন্ধুর জন্মদিনে চিত্র শিল্পীরা যে মিছিল বের করেন তার নাম কী? (জ্ঞান)
ক অধিকার আদায়ের মিছিল
খ. বিপ্লবী চিত্রের মিছিল
গ স্বাধীনতার মিছিল
ঘ মুক্তিযুদ্ধের মিছিল খ

১০৩. বিপ্লবী চিত্রের মিছিলের রুট ছিল কোনটি? (জ্ঞান)
ক প্রেসক্লাব থেকে সদরঘাট
খ তোপখানা রোড থেকে মগবাজার
গ শহীদমিনার থেকে বাহাদুর শাহ পার্ক
ঘ বাংলা একাডেমী থেকে শাহবাগ গ

১০৪. বিপ্লবী চিত্রের মিছিলের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় কোনটি? (জ্ঞান)
ক ভাষা আন্দোলন খ বঙ্গবন্ধুর জন্মোৎসব
গ ৬ দফা দাবি ঘ স্বাধীনতা ঘ

১০৫. 'বাংলার মায়েরা মেয়েরা সকলেই মুক্তিযোদ্ধা' শীর্ষক পোস্টারটি কোন শিল্পীর আঁকা? (জ্ঞান)
ক কামরুল হাসান খ দেবদাস চক্রবর্তী
গ কাইয়ুম চৌধুরী ঘ প্রাণেশ মণ্ডল ঘ

১০৬. বিপ্লবী চিত্রের মিছিলে চারজন মেয়ের মধ্যে ইংরেজী বিভাগের ছাত্রী কে ছিলেন? (জ্ঞান)
ক সাঈদা কামাল খ সামিদা খাতুন
গ ফেরদৌসি পিনু ঘ সুলতানা কামাল ঘ

১০৭. বিপ্লবী মিছিলের ৪ জন মেয়ের মধ্যে কে বর্তমানে মানবাধিকার নেতা ও তত্ত্বাবধায়ক সরকারের প্রাক্তন উপদেষ্টা? (জ্ঞান)
ক সুলতানা কামাল খ সাঈদা কামাল
গ সামিদা খাতুন ঘ ফেরদৌসি পিনু ক

Teachingbd.com

১০৮. বিপ্লবী মিছিলের নেতৃত্ব দিয়েছিলেন কে? (জ্ঞান)

ক কাইয়ুম চৌধুরী
খ মুর্তজা বশীর
গ শিল্পাচার্য জয়নুল আবেদিন
ঘ রফিকুন নবী

উত্তর: গ

১০৯. পরবর্তীতে বিপ্লবী মিছিলের সাথে যোগ দিয়েছিলেন কে? (জ্ঞান)

ক সাজিদা চৌধুরি    খ বেগম সুফিয়া কামাল
গ বেগম রোকেয়া    ঘ সাহারা খাতুন

উত্তর: খ

১১০. অসহযোগ আন্দোলনের সময় চিত্রশিল্পীদের গঠিত বাস্তবায়ন কমিটির যুগ্ম আহ্বায়ক হলেন — (অনুধাবন)

i. শিল্পাচার্য জয়নুল আবেদিন
ii. শিল্পী কাইয়ুম চৌধুরী
iii. শিল্পী মুর্তজা বশীর

নিচের কোনটি সঠিক?

ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

উত্তর: গ

১১১. বিপ্লবী চিত্রের মিছিলে অঙ্কিত ছবির বিষয়বস্তু ছিল— (অনুধাবন)

i. বাঙালিদের বঞ্চনার ছবি
ii. নির্যাতনের ছবি
iii. সংস্কৃতির প্রতি আক্রমণ ও অবহেলার ছবি

নিচের কোনটি সঠিক?

ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

উত্তর: ঘ

১১২. বিপ্লবী মিছিলের অগ্রভাগে হেঁটে যাওয়া মেয়েদের মধ্যে চারুকলার ছাত্রী ছিলেন — ★
(অনুধাবন) *[মোমেনা আলী বিজ্ঞান স্কুল, উল্লাপাড়া, সিরাজগঞ্জ]*

i. সাঈদা কামাল
ii. ফেরদৌসি পিনু
iii. সুলতানা কামাল

নিচের কোনটি সঠিক?

ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

উত্তর: ক

১১৩. ১৯৭১ সালের ২৬শে মার্চ বিপ্লবী মিছিলের ৪ জন মেয়ের মধ্যে শহীদ হন— (অনুধাবন)

i. সামিদা খাতুন
ii. সুলতানা কামাল
iii. সাঈদা কামাল

নিচের কোনটি সঠিক?

ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

উত্তর: খ

উদ্দীপকটি পড়ো এবং ১১৪ ও ১১৫নং প্রশ্নের উত্তর দাও।

রহমত সাহেব তার দশ বছরের ছেলেকে স্বাধীনতার বিপ্লবী চিত্রের মিছিলের উল্লেখযোগ্য বিষয়ের গল্প শোনাচ্ছিলেন। সেই মিছিলে চারজন মেয়ের বীরত্বের কথা শুনে তার ছেলে খুবই অবাক হলো।

১১৪. উদ্দীপকে রহমত সাহেবের বর্ণিত বিপ্লবী চিত্রের মিছিলের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় কী ছিল? (প্রয়োগ)

ক গণঅভ্যুত্থান    খ মাতৃভাষা
গ স্বাধীনতা    ঘ রাষ্ট্রীয়করণ

উত্তর: গ

১১৫. উদ্দীপকে উল্লেখ্য, এ বিপ্লবী মিছিলের নেতৃত্ব দিয়েছিলেন কে? (উচ্চতর দক্ষতা)

ক শিল্পাচার্য জয়নুল আবেদিন
খ শিল্পী শফিকুর আমিন
গ শিল্পী আনোয়ারুল হক
ঘ শিল্পী কামরুল হাসান

উত্তর: ক

Teachingbd.com